**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৫০/২০১৭-১৮**

**ঢাকা, বৃহস্পতিবার ১৪ সেপ্টেম্বর ২০১৭, ৩০ ভাদ্র ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। প্রধানমন্ত্রী রাজশাহী যাচ্ছেন আজ

২। সংবিধানের ষোড়শ সংশোধনী বাতিলের রায় ও পর্যবেক্ষণের বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেওয়ার প্রস্তাব সংসদে সর্বসম্মতিক্রমে গৃহীত

৩। জিয়া পরিবার ও বিএনপি নেতাদের ১২শ'কোটি টাকা পাচারের তদন্ত হচ্ছে : সংসদে প্রধানমন্ত্রী

৪। বঙ্গবন্ধুর পলাতক ৬ খুনিকে ধরতে ইন্টারপোলের রেড নোটিশ জারি : সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী

৫। রোহিঙ্গা সংকট মানবতার চরম অবমাননা : কুতুপালং শিবিরে কূটনীতিকবৃন্দ

৬। রোহিঙ্গাদের জন্য পাঠানো বিদেশি ত্রাণসামগ্রীতে শুল্ক মওকুফ

৭। ধর্মীয় প্রতিষ্ঠানের উন্নয়নে ৬৬৫ কোটি টাকার প্রকল্প একনেকে অনুমোদন

৮। পঞ্চাশ হাজার টন চিনি আমদানি করবে সরকার : মন্ত্রিসভা কমিটি'র সিদ্ধান্ত

৯। মিল মালিকদের কারসাজিতে চালের দাম বেড়েছে : বাণিজ্যমন্ত্রী

১০। কোচিংবাণিজ্য বন্ধে আইন সংসদে তোলা হবে : শিক্ষামন্ত্রী

চলমান পাতা-২

১। **প্রধানমন্ত্রী রাজশাহী যাচ্ছেন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (১৪ সেপ্টেম্বর বৃহস্পতিবার) রাজশাহী সফরে যাচ্ছেন। শারদায় বাংলাদেশ পুলিশ একাডেমিতে শিক্ষানবিস সহকারী পুলিশ সুপারদের সমাপনী কুচকাওয়াজে যোগদানের পর প্রধানমন্ত্রী ১৬টি উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং ৬টি প্রকল্পের উদ্বোধন করবেন। ১৬টি প্রকল্পের মধ্যে রয়েছে বঙ্গবন্ধু শেখ মুজিব হাইটেক পার্ক, বিভাগীয় ও জেলা পরিবার পরিকল্পনা ভবন, নদীর তীর রক্ষা বাঁধ, মুক্তিযোদ্ধা কমপ্লেক্স, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্কোয়ার ও রাজশাহী শিশু হাসপাতাল। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

২। **সংবিধানের ষোড়শ সংশোধনী বাতিলের রায় ও পর্যবেক্ষণের বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেওয়ার প্রস্তাব সংসদে সর্বসম্মতিক্রমে গৃহীত**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সংসদই সার্বভৌম। সংবিধান অনুযায়ী সব ক্ষমতার উৎস জনগণ। সেই জনগণ সংসদ নির্বাচিত করে। সংসদ আইন তৈরি করে দেয়। এ পার্লামেন্ট যে আইন পাস করে দেয়, সে আইন দ্বারাই বিচার বিভাগ ও নির্বাহী বিভাগ চলে। আর সেই সংসদকে খাটো করা, রাষ্ট্রপতিকে খাটো করা-সেটা গ্রহণযোগ্য হতে পারে না। ষোড়শ সংশোধনী বাতিলের রায় কারও কাছেই গ্রহণযোগ্যতা পায়নি, এর মাধ্যমে প্রধান বিচারপতি নিজেকে প্রশ্নবিদ্ধ করেছেন, সংবিধান, সংসদ ও গণতন্ত্রকে প্রশ্নবিদ্ধ করতে চেয়েছেন। গতকাল ( ১৩ সেপ্টেম্বর বুধবার) জাতীয় সংসদে সংবিধানের ষোড়শ সংশোধনী বাতিলের রায় ও আপিল বিভাগের পর্যবেক্ষণের কিছু বিষয়ে আইনি পদক্ষেপ নেওয়ার একটি প্রস্তাবের ওপর আলোচনায় অংশ নিয়ে তিনি একথা বলেন। প্রধানমন্ত্রীর বক্তব্যের পর প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (পৃ.১,ক.৫)।

৩। **জিয়া পরিবার ও বিএনপি নেতাদের ১২শ'কোটি টাকা পাচারের তদন্ত হচ্ছে : সংসদে প্রধানমন্ত্রী**

জিয়া পরিবার ও বিএনপি নেতাদের ১২টি দেশে ১২শ'কোটি টাকা পাচারসংক্রান্ত তথ্য সরকারের কাছে রয়েছে বলে সংসদকে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, গ্লোবাল ইন্টেলিজেন্স নেটওয়ার্কের (জিআইএন) এ সংক্রান্ত একটি রিপোর্ট সরকারের তদন্তাধীন। দেশের সম্পদ বিদেশে পাচার করার প্রমাণ পাওয়া গেলে তাদের বিরুদ্ধে অবশ্যই ব্যবস্থা নেওয়া হবে এবং পাচারকৃত অর্থ আইনি প্রক্রিয়ার মাধ্যমে দেশে ফেরত আনা হবে। গতকাল (১৩ সেপ্টেম্বর বুধবার) জাতীয় সংসদ অধিবেশনে প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত ৩০ মিনিটের প্রশ্নোত্তর পর্বে বিরোধীদল জাতীয় পার্টির সংসদ সদস্য ফখরুল ইমামের সম্পূরক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৮), **ডেইলি সান** (শেষপৃ.,ক.১)।

৪। **বঙ্গবন্ধুর পলাতক ৬ খুনিকে ধরতে ইন্টারপোলের রেড নোটিশ জারি : সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারবর্গের হত্যাকারী সাজাপ্রাপ্ত বিদেশে পলাতক ৬ আসামির বিরুদ্ধে ইন্টারপোলের রেড নোটিশ জারি হয়েছে। খুনিদের দেশে ফিরিয়ে আনা ত্বরান্বিত করতে টাস্কফোর্স হতে সংশ্লিষ্ট বাংলাদেশ দূতাবাসসমূহে নির্দেশ দেওয়া হয়েছে। পলাতক অন্য আসামিদের অবস্থান নিশ্চিত করতে ইন্টারপোল সদস্যভুক্ত দেশসমূহের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রাখা হয়েছে। গতকাল (১৩ সেপ্টেম্বর বুধবার) জাতীয় সংসদে এক প্রশ্নের জবাবে এ তথ্য জানান স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইনকিলাব** (পৃ.১,ক.৫)।

৫। **রোহিঙ্গা সংকট মানবতার চরম অবমাননা : কুতুপালং শিবিরে কূটনীতিকবৃন্দ**

কক্সবাজারের উখিয়া ও টেকনাফে রোহিঙ্গা শিবির পরিদর্শন করেছেন বিভিন্ন দেশের রাষ্ট্রদূত ও কূটনীতিক। পরিদর্শনকালে তাঁরা বলেছেন, রোহিঙ্গা সংকট সত্যিই ভয়াবহ। নিজ দেশ থেকে বিতাড়িত করতে রোহিঙ্গাদের সঙ্গে যে নিষ্ঠুর আচরণ করা হয়েছে, তা মানবতার জন্য চরম অবমাননা। কূটনীতিকরা জানান, তাঁরা

নিজ নিজ দেশের কাছে রোহিঙ্গাদের অমানবিক অবস্থার কথা তুলে ধরবেন এবং তাদের মায়ানমারে ফেরত পাঠাতে প্রয়োজনীয় উদ্যোগ নিতে নিজ দেশকে বলবেন। একইসঙ্গে বিপুলসংখ্যক রোহিঙ্গা জনগোষ্ঠীকে আশ্রয় দেওয়ার জন্য কূটনীতিকরা বাংলাদেশের ভূয়সী প্রশংসা করেছেন। পররাষ্ট্রমন্ত্রী এএইচ মাহমুদ আলী ও পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলমের নেতৃত্বে কূটনীতিকরা গতকাল (১৩ সেপ্টেম্বর বুধবার) বিমানে ঢাকা থেকে কক্সবাজার যান। সেখান থেকে সড়কপথে দুপুর ১২টার দিকে উখিয়ায় পৌঁছান। তাঁরা কুতুপালং ক্যাম্প পরিদর্শন করে রোহিঙ্গাদের খোঁজখবর নেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৪)।

**৬। রোহিঙ্গাদের জন্য পাঠানো বিদেশি ত্রাণসামগ্রীতে শুল্ক মওকুফ**

রোহিঙ্গাদের জন্য বিভিন্ন দেশের পাঠানো ত্রাণসামগ্রীর ওপর প্রযোজ্য শুল্ক ও কর মওকুফ করেছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)। মালয়েশিয়া ও আজারবাইজান থেকে আগত ত্রাণসামগ্রীর ওপর শুল্ক ও কর মওকুফ করে পৃথক আদেশ জারি করেছে প্রতিষ্ঠানটি। সূত্র-**সংবাদ** (পৃ.১৪,ক.১)।

**৭। ধর্মীয় প্রতিষ্ঠানের উন্নয়নে ৬৬৫ কোটি টাকার প্রকল্প একনেকে অনুমোদন**

সারাদেশে বিভিন্ন ধর্মের এক হাজার সামাজিক প্রতিষ্ঠানের উন্নয়নের উদ্যোগ নিয়েছে সরকার। এ জন্য 'সার্বজনীন সামাজিক অবকাঠামো উন্নয়ন' শীর্ষক একটি প্রকল্প অনুমোদন করেছে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সভা। এ প্রকল্পের মাধ্যমে সিটি করপোরেশনের বাইরে অবস্থিত মসজিদ, ঈদগাহ, কবরস্থান, মন্দির, শ্মশান, গির্জা, প্যাগোডা, গুরুদুয়ারা এবং খেলার মাঠের উন্নয়ন করা হবে। গতকাল (১৩ সেপ্টেম্বর বুধবার) রাজধানীর শেরেবাংলা নগরে এনইসি সম্মেলনকক্ষে প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপারসন শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় ৬৬৫ কোটি ৬১ লাখ টাকার এ প্রকল্পসহ পাঁচ হাজার ১৮১ কেটি টাকার দশ প্রকল্প অনুমোদন করা হয়। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.৮), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৪), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৫), **নিউ নেশন** (শেষ পৃ.,ক.২)।

**৮। পঞ্চাশ হাজার টন চিনি আমদানি করবে সরকার : মন্ত্রিসভা কমিটি'র সিদ্ধান্ত**

আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে ৫০ হাজার টন চিনি আমদানির দরপ্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। লন্ডনের মেসার্স ইডিএনএফ ম্যানসুগার সর্বনিম্ন দরদাতা হিসেবে দু'টি চালানে এ চিনি সরবরাহ করবে। এতে ব্যয় হবে ২১১ কোটি টাকা। গতকাল (১৩ সেপ্টেম্বর বুধবার) সচিবালয়ে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'র বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বৈঠকে সভাপতিত্ব করেন। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৪), **সংবাদ** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২),**ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৭,ক.১)।

**৯। মিল মালিকদের কারসাজিতে চালের দাম বেড়েছে : বাণিজ্যমন্ত্রী**

চালের দাম আরও বাড়ার জন্য মিল মালিকদের দায়ী করে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, দোষীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। গতকাল (১৩ সেপ্টেম্বর বুধবার) সচিবালয়ে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'র বৈঠকশেষে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। মন্ত্রী চাল মজুতকারীদের বিরুদ্ধে কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, মজুতকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া হবে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.১)।

**১০। কোচিংবাণিজ্য বন্ধে আইন সংসদে তোলা হবে : শিক্ষামন্ত্রী**

শিক্ষকদের উদ্দেশে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, আপনারা কোচিংবাণিজ্য করতে পারবেন না। নোটবই, গাইডবই লিখতে পারবেন না, বিক্রি করতে পারবেন না। এটা শাস্তিযোগ্য অপরাধ হবে। এ বিষয়ে আমাদের আইন তৈরি হয়ে গেছে। সেটা আমরা জাতীয় সংসদে তুলব। গতকাল (১৩ সেপ্টেম্বর বুধবার) খুলনা মহিলা কলেজ অডিটরিয়ামে শিক্ষার গুণগত মানোন্নয়ন, নৈতিকতা ও জঙ্গিবাদবিরোধী সমাবেশে প্রধান অতিথির বক্তৃতায় মন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১৪,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** এক দশক ধরে দেশের বিভিন্ন অঞ্চলে শতাধিক সেতুর কাজ অসমাপ্ত থাকায় তা জনদুর্ভোগের কারণ হচ্ছে উল্লেখ করে দ্রুত এ সেতুগুলো সমাপ্তকরণের উদ্যোগ নেওয়ার সুপারিশ।

খ. **সমকাল :** মাদক গ্রামে, শহরে সর্বত্র ছড়িয়ে পড়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে কঠোর ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ ।

গ. **ভোরের কাগজ, নিউ নেশন, ডেইলি সান :** দফায় দফায় বাড়ছে চালের দাম উল্লেখ করে দাম নিয়ন্ত্রণে কার্যকর উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঘ. **সংবাদ :** মানিকগঞ্জের সাতটি উপজেলার ৮৩টি প্রাথমিক বিদ্যালয়ভবন ঝুঁকিপূর্ণ হওয়ায় পরিত্যক্ত ঘোষণা করার প্রেক্ষিতে খোলা মাঠে ক্লাস নেওয়ার কথা উল্লেখ করে এ ধরনের চিত্র সারা দেশেই কম বেশি থাকায় পরিত্যক্ত ভবনগুলি দ্রুত সংস্কারের ওপর গুরুত্বারোপ।

ঙ. **ইনকিলাব :** দেশে ইন্টারনেটের ব্যবহার দ্রুত বেড়ে চলছে উল্লেখ করে সেই সাথে ইন্টারনেটের মূল্য কমানোর সুপারিশ।

চ. **বাংলাদেশ টুডে :** জনসংখ্যা নিয়ন্ত্রণ চ্যালেঞ্জ হিসেবে নিতে হবে বলে মতপ্রকাশ।

ছ. **অবজারভার :** রাজধানীতে একটু বৃষ্টিতেই যে জলাবদ্ধতার সৃষ্টি হয় তা নিরসনে ভরাট হয়ে যাওয়া খাল-বিল পুনরুদ্ধার ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা সংস্কারের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপ-সম্পাদকীয়

**আমাদের সময়** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, অতিরিক্ত রোহিঙ্গা নাগরিকের চাপে আমাদের দেশের অর্থনীতি ও অভ্যন্তরীণ নিরাপত্তা যাতে বিপর্যয়ের মধ্যে না পড়ে সেদিকে অগ্রাধিকার ভিত্তিতে গুরুত্ব দিতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'শিক্ষা ব্যবস্থার জাতীয়করণ প্রয়োজন** 'শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, একমাত্র বৈষম্যহীন ও মানসম্পন্ন শিক্ষাই পারে মানবিক বোধসম্পন্ন মানুষের সংখ্যা বাড়াতে ।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৭/৯.০০